

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd


নং-৪৫.১৫৬.১১৬.০০.০০.০০৯.২০১৬- ২০৭

তারিখঃ ২২-১০-২০২০ খ্রিঃ

বিষয়ঃ আগামী ২ নভেম্বর, ২০২০ খ্রিঃ জাতীয় পর্যায়ে “জাতীয় স্বৈচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবস”
উদযাপন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় পর্যায়ে আর্ত মানবতার সেবায় স্বৈচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদানকে একটি সামাজিক আন্দোলন হিসেবে জনপ্রিয় করে তোলার লক্ষ্যে প্রতিবছর ২ নভেম্বর দেশব্যাপী “জাতীয় স্বৈচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবস” পালন করা হয়ে থাকে। সে প্রেক্ষিতে আগামী ২ নভেম্বর ২০২০ খ্রিঃ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা ‘এ’ ব্লক মিলনায়তনে কেন্দ্রীয়ভাবে দিবসটি উদযাপিত হবে। “জাতীয় স্বৈচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবস” এর প্রতিপাদ্য বিষয় “আমার রক্ত শত ধমনীতে আনবে নতুন প্রাণ, অন্ধ আঁখিতে রশ্মি জ্বালাতে করবো দৃষ্টিদান”

এ উপলক্ষে সন্ধানী, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি ও অন্যান্য স্বৈচ্ছাসেবীর সহযোগিতায় জেলা পর্যায়ে র্যালী, আলোচনা সভা, রক্তদান কর্মসূচী, পোস্টার বিতরণ ইত্যাদি কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


22/10/2020

(উম্মে হাবিবা)

সিনিয়র সহকারী সচিব

ফোন- ৯৫৪০৯৪৪

বিতরণঃ

- ১। জেলা প্রশাসক (সকল)
- ২। সিভিল সার্জন (সকল)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/রাজশাহী/চট্টগ্রাম/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ।
- ০২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।
- ০৩। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল)
- ০৪। সভাপতি, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ।
- ০৫। সভাপতি, সন্ধানী জাতীয় চক্ষুদানসমিতি।

০৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে ওয়েব সাইটে প্রকাশে অনুরোধসহ)।